

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০১/০৯/২০১৮ইং তারিখ অত্র প্রতিষ্ঠান “খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” হিসেবে রূপান্তরের ১৫ (পনের) বছর পূর্তি হয়েছে। ০১/০৯/২০১৮ইং তারিখ পবিত্র ঈদ-উল-আযহা ও জন্মাষ্টমী উপলক্ষে ছুটি থাকায় “বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮” আগামী ২২শে সেপ্টেম্বর ২০১৮ রোজ শনিবার উদযাপন করা হবে। বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন অনুষ্ঠানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় সদস্য প্রফেসর ড. এম. শাহ নওয়াজ আলি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

এ প্রেক্ষিতে আগামী ২২শে সেপ্টেম্বর ২০১৮ রোজ শনিবার বিশ্ববিদ্যালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদেরকে নিম্নোক্ত অনুষ্ঠানসমূহে অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

তারিখ ও সময়	অনুষ্ঠানসূচী
২২শে সেপ্টেম্বর ২০১৮ সকাল ৯:৩০	প্রশাসনিক ভবনের সামনে প্রীতি সমাবেশ।
সকাল ৯:৪৫	পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয় দিবস উদ্বোধন।
সকাল ১০:০৫	আনন্দ শোভাযাত্রা।
সকাল ১০:৩৫	বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রজেক্ট ও পোস্টার প্রদর্শনীর উদ্বোধন।
সকাল ১০:৪৫	টেকনিক্যাল পেপার প্রেজেন্টেশন
সকাল ১১:১০	আলোচনা সভা
দুপুর ১২:৪৫	বৃক্ষ রোপন
দুপুর ১৩:০০	বিরতি
বিকাল ১৫:০০	দর্শনার্থীদের জন্য বিভিন্ন বিভাগের ল্যাবসমূহ উন্মুক্তকরণ
বিকাল ১৬:০০	প্রীতি ফুটবল ম্যাচ (শিক্ষক বানাম ছাত্র)
বিকাল ১৭:১৫ (বাদ আছর)	দোয়া মাহফিল স্থানঃ কেন্দ্রীয় জামে মসজিদ।
সন্ধ্যা ১৮:০০	সাংস্কৃতিক অনুষ্ঠান স্থানঃ স্টুডেন্টস ওয়েলফেয়ার সেন্টার।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।


২০/০৯/১৮
(জি.এম. শহিদুল আলম)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ২১০/১০

তারিখঃ ২০/৯/১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর ইনস্টিটিউটের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচার এবং ২২/০৯/২০১৮ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকা হতে স্ব-স্ব বিভাগের ল্যাবসমূহ দর্শনার্থীদের পরিদর্শনের জন্য খোলা রাখার অনুরোধসহ।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। হলের ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৬। প্রধান প্রকৌশলী, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। চেয়ারম্যান, মসজিদ কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর শাখায় সকল কর্মকর্তা ও কর্মচারীর মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৯। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ।
- ১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। অফিস কপি।

